১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
চেয়ারম্যানের কার্যালয়
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

# মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ অ্যাড. মোঃ মহিতুল ইসলাম, চেয়ারম্যান, ১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সভার তারিখঃ ০৪/০৮/২০২২
সময়ঃ বেলা ১১টা
স্থানঃ ইউপি হলরুম
উপস্থিতিঃ উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্ট্রারে সংরক্ষিত।

অদ্যকার সভায় ১২নং বল্লী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব অ্যাড. মোঃ মহিতুল ইসলাম সভাপতির আসন গ্রহণ করে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন।

**প্রথম আলোচ্যসূচিঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতির অনুমতিক্রমে ইউপি সচিব শেখ তানজির আহমেদ বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার অসঙ্গতি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদন করা হয়।

**দ্বিতীয় আলোচ্যসূচিঃ ইউনিয়নের আইনশৃঙ্খলা প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের কাছে ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা বিষয়ে জানতে চান। এ সময় উপস্থিত সদস্যরা ইউনিয়নের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে উল্লেখ করে বলেন, আইনশৃঙ্খলা ভাল থাকলেও মাদকের ভয়াবহতা সর্বগ্রাসী হয়ে যুব সমাজকে ধ্বংস করছে। এজন্য সচেতনতা সৃষ্টির পাশাপাশি প্রতিরোধমূলক কর্মসূচি গ্রহণ করতে হবে।
এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং মাদক বিরোধী সচেতনতা সৃষ্টির বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**তৃতীয় আলোচ্যসূচিঃ জাতীয় শোক দিবস ২০২২ পালন প্রসঙ্গে।**
উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বলেন, ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২। দিবসটি যথাযথ মর্যাদায় পালনে অত্র ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে কর্মসূচি গ্রহণ করতে হবে।
এ বিষয়ে ১নং ওয়ার্ডের ইউপি সদস্য রফিকুল ইসলাম আলোচনায় অংশ নেন এবং জাতীয় শোক দিবস পালনে ১৫ আগস্ট জাতীয় পতাকা অর্ধনমিতভাবে উত্তোলন ও দোয়া অনুষ্ঠান আয়োজনের প্রস্তাব পেশ করেন। তাকে সমর্থন করে ২নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ সামছুর রহমান বলেন, জাতীয় শোক দিবস উপলক্ষে ইউপি ভবনে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে ব্যানার টানানো যেতে পারে।
আলোচ্য বিষয়ে অন্যান্য সদস্যরাও বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে জাতীয় শোক দিবস পালনে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ করেন।
কর্মসূচিঃ
১। কালো ব্যাজ ধারণ।
২। পরিষদ প্রাঙ্গণে টপডাউন ব্যানার স্থাপন।
৩। ১৫ আগস্ট অর্ধনমিতভাবে জাতীয় পতাকা উত্তোলন।
৪। দোয়া অনুষ্ঠান।

(স্বাক্ষর) ৫/৮/২২
অ্যাড. মোঃ মহিতুল ইসলাম
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা

আলোচ্যসূচি: এলজিএসপি-৩ এর আওতায় ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে বরাদ্দকৃত অর্থে ওয়ার্ড সভা থেকে গৃহীত কিম চূড়ান্তকরণ প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করার উদ্দেশ্যে বলেন যে, এলজিএসপি-৩ এর আওতায় অত্র ইউনিয়ন পরিষদে ২০২১-২০২২ অর্থবছরে ৭৫,৪৫০/- (পচাঁত্তর হাজার চারশত পঞ্চাশ) টাকা ও ২০২২-২০২৩ অর্থবছরে ৩,৫০,৮৮৮/- (তিন লাখ পঞ্চাশ হাজার আটশত আটাশি টাকা) টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। বরাদ্দকৃত অর্থে স্কিম গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে প্রত্যেক ওয়ার্ডে ওয়ার্ড সভা সম্পন্ন হয়েছে। এখন অগ্রাধিকার ভিত্তিতে স্কিম চূড়ান্ত করে অনুমোদনের লক্ষ্যে বিজিসিসি সভায় প্রেরণ করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত স্কিম গ্রহণ করেন।

অর্থবছর: ২০২১-২০২২

বরাদ্দ: ৭৫,৪৫০/- টাকা

প্রকল্প তালিকা

| ক্রম | স্কিমের নাম | ওয়ার্ড নং | টাকার পরিমান | খাতের নাম |
|---|---|---|---|---|
| ০১ | রায়পুর রবিউলের বাড়ি হতে বাবু কবিরাজের বাড়ি অভিমুখে ইটের সোলিং | ৮ | ৭৫,৪৫০/- | যোগাযোগ |
| | মোট | | ৭৫,৪৫০/- | |

অর্থবছর: ২০২২-২০২৩

বরাদ্দ: ৩,৫০,৮৮৮/- টাকা

প্রকল্প তালিকা

| ক্রম | স্কিমের নাম | ওয়ার্ড নং | টাকার পরিমান | খাতের নাম |
|---|---|---|---|---|
| ০১ | শিয়ালডাঙ্গা পরিতোষের জমি হতে গাব্দলতলা অভিমুখে ইটের সোলিং | ২ | ৫০,০০০/- | যোগাযোগ |
| ০২ | শিবনগরের সিদ্দিকুর রহমানের বাড়ি হতে মাজেদের বাড়ি অভিমুখে ইটের সোলিং | ৩ | ১,৩৫,০০০/- | যোগাযোগ |
| ০৩ | কুশোডাঙ্গার রশিদ বিশ্বাসের বাড়ি হতে শাহজান বিশ্বাসের বাড়ি অভিমুখে ইটের সোলিং | ৯ | ৬০,০০০/- | যোগাযোগ |
| ০৪ | রায়পুর ভগমানীপাড়ার আছির উদ্দীনের বাড়ি থেকে মহানন্দের বাড়ি অভিমুখে পাকা ড্রেন | ৮ | ৫০,০০০/- | পয়ঃনিষ্কাশন |
| ০৫ | ভাটপাড়ার মোকছেদের বাড়ি হতে শওকতের বাড়ি অভিমুখে ইটের সোলিং | ৫ | ৫৫,৮৮৮/- | যোগাযোগ |
| | মোট | | ৩,৫০,৮৮৮/- | |

**পঞ্চম আলোচ্যসূচি: গ্রাম আদালতের কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করার উদ্দেশ্যে বলেন যে, ইউনিয়নের অন্তর্গত ছোট খাট দ্বন্দ্ব, বিবাদ, কলহসহ তফশীল বর্ণিত ফৌজদারী ও দেওয়ানী বিরোধ উইন-উইন প্রসেসে মিমাংসার জন্য গ্রাম আদালত সর্বোত্তম ভূমিকা রাখতে পারে। এতে একদিকে যেমন বিরোধীপক্ষ সমূহের সময় ও অর্থ বাঁচে, তেমনি ন্যায় বিচার নিশ্চিত হয়। এক কথায় গ্রামীণ জনপদে শান্তিপূর্ণ সহাবস্থানের পরিবেশ বজায় রাখতে গ্রাম আদালত কার্যকর ভূমিকা রাখে।

৬নং ওয়ার্ডের ইউপি সদস্য রবিউল ইসলাম আলোচনায় অংশ নিয়ে বলেন, গ্রাম আদালত সম্পর্কে গ্রামের মানুষ এখনো সচেতন নয়, তাই এ বিষয়ে প্রচারণা চালানো দরকার। ৫নং ওয়ার্ডের ইউপি সদস্য হায়দার আলী তার প্রস্তাবকে সমর্থন করে বলেন, গ্রাম আদালত সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গ্রামে গ্রামে উঠান বৈঠক করা যেতে পারে।
সভায় উপস্থিত অন্যান্য সদস্যরাও আলোচনায় অংশ নেন।
সভায় সর্বসম্মতিক্রমে অত্র ইউনিয়নে গ্রাম আদালতের কার্যক্রম জোরদারকরণ ও নির্ধারিত সময়ে মামলাসমূহ নিষ্পত্তির সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**ষষ্ঠ আলোচ্যসূচিঃ ট্যাক্স অ্যাসেসমেন্ট ও হোল্ডিং ট্যাক্স আদায় প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করার উদ্দেশ্যে বলেন যে, ইউনিয়ন পরিষদের আয়ের অন্যতম প্রধান উৎস হোল্ডিং ট্যাক্স। প্রকৃতপক্ষে ইউনিয়ন পরিষদের দৈনন্দিন ব্যয় নির্বাহ, সংস্থাপন ব্যয় এবং উন্নয়নমূলক কর্মকাণ্ড ইউনিয়ন পরিষদের রাজস্ব আয়ের উপর নির্ভর করে। কিন্তু হোল্ডিং ট্যাক্স আদায় না করায় ইউনিয়ন পরিষদের উল্লিখিত কর্মকাণ্ড ব্যাহত হচ্ছে। এজন্য হোল্ডিং ট্যাক্স আদায় করা জরুরী।
এবিষয়ে ৩নং ওয়ার্ডের ইউপি সদস্য মনিরুল ইসলাম আলোচনায় অংশ নেন এবং দ্রুততম সময়ে অ্যাসেসমেন্ট পূর্বক হোল্ডিং ট্যাক্স আদায়ের উদ্যোগ গ্রহণের প্রস্তাব দেন। তার প্রস্তাবে অন্যান্য সদস্যরা সমর্থন করেন এবং সভায় সর্বসম্মতিক্রমে দ্রুততম সময়ে অ্যাসেসমেন্ট পূর্বক হোল্ডিং ট্যাক্স আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সপ্তম আলোচ্যসূচিঃ ০-৪৫ দিনের শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিতকরণের কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের অবগত করার উদ্দেশ্যে বলেন যে, শিশুর জন্মের ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করা বাধ্যতামূলক। কিন্তু সচেতনতার অভাবে মানুষ ০-৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন করাতে চান না। ইতোমধ্যে সাধারণ মানুষকে সচেতন করতে প্রতি মাসে একবার ইউনিয়নের ৩৪টি মসজিদের মাধ্যমে মাইকিং, ইডিডির তালিকা অনুযায়ী গ্রাম পুলিশদের বাড়ি বাড়ি পাঠানো ও ৪৫ দিনের মধ্যে জন্মনিবন্ধনকারী শিশুদের অভিভাবকদের পুরস্কার দেওয়ার কার্যক্রম চলমান আছে।
এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং ০-৪৫ দিনের শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিতকরণের কার্যক্রম আরও জোরদারকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**অষ্টম আলোচ্যসূচিঃ ইউনিয়নের মাসিক আয়-ব্যয় অনুমোদন প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব ইউপি সচিবকে মাসিক (জুলাই ২০২২) আয়-ব্যয়ের হিসাব উপস্থাপনের অনুরোধ জানান।
সভায় ইউপি সচিব সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে মাসিক আয় ও ব্যয়ের হিসাব তুলে ধরেন। এতে দেখা যায়, সংস্থাপন ও সরকারি অনুদান ব্যতীত মাসিক মোট রাজস্ব আয় ৯০৫০ টাকা (৮১০০ টাকা, ট্রেড লাইসেন্স ১-১৯ ও হোল্ডিং ট্যাক্স ৯৫০ টাকা) এবং মোট ব্যয় ৪৪০৫ টাকা (সেরেস্তা, আপ্যায়ন, মনোহরী... দৈনন্দিন খরচ)। অবশিষ্ট ৪৯৫ টাকা হাতে নগদ ও ৪১৫০/- টাকা ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে জমা (৩ আগস্ট) দেওয়া হয়েছে। যা ক্যাশখাতা ২০২২-২৩ এ লিপিবদ্ধ আছে।
সভায় উপস্থিত সদস্যরা এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং পরীক্ষা-নিরীক্ষা অন্তে সর্বসম্মতিক্রমে জুলাই ২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব অনুমোদন ও আয়-ব্যয় ব্যাংক লেনদেনের মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করেন।

**নবম আলোচ্যসূচিঃ ১২নং বল্লী ইউনিয়নে পোস্ট অফিস স্থাপন প্রসঙ্গে।**

উপরিউক্ত বিষয় আলোচনাকালে সভাপতি সাহেব উপস্থিত সদস্যদের উদ্দেশ্যে বলেন, ১২নং বল্লী ইউনিয়নে পোস্ট অফিস না থাকায় ইউনিয়নের ১-৬ নং ওয়ার্ডের মানুষকে পার্শ্ববর্তী ঝাউডাঙ্গা ইউনিয়নের আখড়াখোলা এবং ৭নং ওয়ার্ডের মানুষকে সাতক্ষীরা সদর উপজেলার পার্শ্ববর্তী কলারোয়া উপজেলার মুরারীকাটি ও ৮-৯নং ওয়ার্ডের মানুষকে কলারোয়া উপজেলার বাটরার ডাকঘর ও পোস্টকোড ব্যবহার করতে হয়। এতে সাধারণ মানুষ চরম বিভ্রান্তির শিকার হয় বলে সম্প্রতি অনুষ্ঠিত ওয়ার্ড সভায় এলাকাবাসীর পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে।
সভায় এ বিষয়ে উপস্থিত সদস্যরা বিস্তারিত আলোচনা করেন এবং সর্বসম্মতিক্রমে ১২নং বল্লী ইউনিয়নে পোস্ট অফিস স্থাপনের লিখিত আবেদনপত্র ডাক বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অদ্যকার সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভার সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/৮/২২

(প্রাঃ আলহাজ্ব মোঃ রবিউল ইসলাম)
চেয়ারম্যান
১২নং বল্লী ইউনিয়ন পরিষদ
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা